

তথ্যবিবরণী

নম্বর: ৭৭

## যথাযোগ্য মর্যাদায় ময়মনসিংহ মুক্ত দিবস উদযাপিত

ময়মনসিংহ (রবিবার, ১০ ডিসেম্বর ২০২৩ খ্রি.);

১৯৭১ সালের ১০ ডিসেম্বর পাকহানাদার বাহিনীর হাত থেকে ময়মনসিংহ জেলা মুক্ত হয়েছিল। শত্রুর বর্বরোচিত হামলা থেকে মুক্তি পেয়েছিল ময়মনসিংহ অঞ্চল। আনন্দের প্রতিফলন স্বরূপ ময়মনসিংহবাসী দিনটিকে মুক্ত দিবস হিসেবে পালন করে। পরিপ্রেক্ষিতে, যথাযথ মর্যাদায় আজ ময়মনসিংহ মুক্ত দিবস উদযাপিত হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষ্যে রবিবার (১০ ডিসেম্বর) সকালে নগরীর ছোটবাজার মুক্তমঞ্চে জাতীয় ও মুক্তিযুদ্ধের পতাকা উত্তোলন করা হয়। সেইসাথে বেলুন ও পায়রা উড়িয়ে সপ্তাহব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধন করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালাম তানজিয়া। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, পুলিশ সুপার মাছুম আহাম্মদ ভূঞা, ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের সভাপতি এহতেশামুল আলম ও সাধারণ সম্পাদক অ্যাড. মোয়াজ্জেম হোসেন বাবুলসহ বীর মুক্তিযোদ্ধাগণ।

উদ্বোধনী বক্তৃতায় বিভাগীয় কমিশনার বলেন, আজকের এদিনটি ময়মনসিংহবাসীর জন্য অত্যন্ত ঐতিহ্য ও গৌরবের। মুক্তিযুদ্ধের সংগঠক অধ্যক্ষ মতিউর রহমানের স্মৃতি স্মরণ করে তিনি বলেন, ময়মনসিংহের সূর্যসন্তান মতিউর রহমান প্রতিবছর এ দিবসটির উদ্বোধনী পতাকা উত্তোলন করতেন। মুক্তিযোদ্ধাদের নিয়ে অধ্যক্ষ মতিউর রহমান স্বাধীন বাংলাদেশের পতাকা সার্কিট হাউজ মাঠে উত্তোলন করে ময়মনসিংহকে মুক্ত ঘোষণা করেন। বক্তৃতা শেষে বিভাগীয় কমিশনার মতিউর রহমানসহ সকল নিহত মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন।

পরে অনুষ্ঠিত বর্ণাঢ্য র্যালি নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় ছোটবাজার মুক্তমঞ্চে এসে শেষ হয়। র্যালিতে বিভাগীয় কমিশনারের নেতৃত্বে বীর মুক্তিযোদ্ধাগণ, মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডবৃন্দ, আওয়ামী লীগের নেতাকর্মী, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীসহ সর্বস্তরের মানুষ অংশ নেন।

সন্ধ্যায় ছোটবাজার মুক্তমঞ্চে জেলা প্রশাসন ও মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক আয়োজিত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার। বিভাগীয় কমিশনার বলেন, এই বীর মুক্তিযোদ্ধারা আমাদের লাল-সবুজ পতাকা এনে দিয়েছেন। তিনি তরুণ প্রজন্মকে সোনার বাংলা গড়তে মুক্তিযুদ্ধের চেতনায় বলীয়ান হয়ে এগিয়ে যাওয়ার আহ্বান জানান। আলোচনা সভায় মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চলচ্চিত্র পরিচালক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব নাসির উদ্দিন ইউসুফ, বিশেষ অতিথি হিসেবে ময়মনসিংহ রেঞ্জের অতিরিক্ত ডিআইজি সৈয়দ আবু সায়েম ও পুলিশ সুপার উপস্থিত ছিলেন। আলোচক হিসেবে বক্তৃতা প্রদান করেন বীর মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ সালাউদ্দিন, বীর মুক্তিযোদ্ধা সেলিম সরকার, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মোমেন, বীর মুক্তিযোদ্ধা মোঃ সাদিকুর রহমান, মমিনুল্লিসা সরকারি মহিলা কলেজের প্রফেসর আবু তাহের ও কাজী আজাদ জাহান শামীম। আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এছাড়াও দিবসটি উপলক্ষ্যে ছোটবাজার মুক্তমঞ্চে সপ্তাহব্যাপী প্রতিদিন বিকালে একঘণ্টা করে মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারি ও বঙ্গবন্ধু বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শিত হবে।

#

রেজভী/হদা/মনির/রিদওয়ান/দেওয়ান/২০২৩/১৫:০০ ঘণ্টা